শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
# Cumilla Palli Bidyut Samity-4
## লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২০. ২৭৯০ — তারিখঃ ১৩ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ
২৯ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | **(০১) বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২৭/০৭/২০২০ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৩য় চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>**(০২) অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার /ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**(০৩) অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (কুমিল্লা পবিস-৪) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।<br>**(০৪) নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ওয়েব সাইড **(www.pbs4.comilla.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক অথবা কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিত-৪ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে পূরণ করে আগামী ২৭/০৭/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর ই-মেইলে **comillapbs4@gmail.com** প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। ডাক ও কুরিয়ার যোগে প্রেরিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এছাড়া সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদী সংযুক্ত করতে হবেঃ**

(ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে ছবি সংযোজন করতে হবে;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র'' যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে-

(ক) সাকুল্য বেতন (মূল বেতন+বাড়িভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।
(খ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমান অর্থ।
(গ) মাসিক যাতায়াত ভাতা ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।
(ঘ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(ঙ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(চ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য**

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

# Cumilla Palli Bidyut Samity-4

## লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com


(ছ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২ (দুই) টি "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্ত হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

(জ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে পূর্ণ বৎসরের জন্য সর্বশেষ মূলবেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার পদে কর্মরত আছেন এবং অত্র পবিসে আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৭/০৭/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে যাদের চুক্তিকাল শেষ হবে না তারা আবেদন করতে পারবেন না।

(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ঞ) কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ঢ) আবেদন পত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ণ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

13/07/20

**(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)**
জেনারেল ম্যানেজার

<u>**অনুলিপিঃ**</u> (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..........পবিস-১/২/৩/৪ → বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষন পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ, কুমিল্লা।
০৮। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৯। এজিএম, (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা), কুমিল্লা পবিস-৪।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), কুমিল্লা পবিস-৪ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।

13/07/20

**(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)**
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ফরম নং-১১০-০০২, ভার্সন-০১, তারিখ-২৭/০৪/২০১৪ খ্রীঃ

**কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)**
**পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট শুন্যস্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে

**জেনারেল ম্যানেজার**
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
লাকসাম, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০১/২০২০. ............................................ ৩. পদের ধরনঃ ......................................

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.................................................... ....................................................
৪. নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র ৫. প্রকাশনার তারিখ

.................................... .................................... ....................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (ইংরেজীতে বড় হাতের অক্ষর) ৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নবন্ধন অনুযায়ী)

.................................................... ......../........./..................... (দিন/মাস/বছর)
৮. মাতার নাম ৯. বয়স (২৭/০৭/২০২০ খ্রীঃ তারিখে)

.................................................... ....................................................
১০. পিতার নাম ১১. ধর্ম

.................................................... ....................................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

....................................................
১৪. টেলিফোন/মোবাইল নম্বর ১৫. বৈবাহিক অবস্থা- ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

................................ ................................ ................................ ................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওযার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

................................ ............................ ................................ ................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

| পবিসের নাম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ | চাকুরী কাল (বছর) | চাকুরী পরিত্যাগের কারণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

............................................ ............................................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর